

বিশেষ বিজ্ঞপ্তি

শ্রদ্ধেয় অভিভাবকমন্ডলী ও প্রিয় শিক্ষার্থীবৃন্দ

সেন্ট প্লাসিডস্ এর পক্ষ থেকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন গ্রহণ করবেন। আশা করি আপনারা সবাই ভালো আছেন। পূর্ব ঘোষণা অনুযায়ী আগামীকাল ০৯/০৭/২০২০ রোজ সোমবার থেকে নিজ বাড়িতেই ছাত্ররা অর্ধবার্ষিকী পরীক্ষায় অংশগ্রহণ করবে। সম্মানিত অভিভাবকবৃন্দ, সন্তানদের সৎ ও ভালো মানুষ হিসাবে গড়ে তোলা আপনাদেরই পবিত্র দায়িত্ব। তাই আপনার সন্তান যেন বিস্তৃষ্টতার সাথে পরীক্ষাগুলোতে অংশগ্রহণ করে এবং উত্তরপত্র সংরক্ষণ করে এ বিষয়ে আপনাদের মনোযোগ আকর্ষণ করছি। সার্বিক পরিস্থিতি স্বাভাবিক হলে বিষয় শিক্ষকদের কাছে সংরক্ষিত উত্তরপত্র জমা দিতে হবে।

আজ ০৮/০৭/২০২০ রোজ বুধবার বিদ্যালয়ের ওয়েব সাইটে ১ম শ্রেণি থেকে ১১শ শ্রেণির সমস্ত প্রশ্ন দেয়া হবে। আপনার সুবিধা মতো প্রশ্নপত্র ডাউনলোড করে নিদিষ্ট সময়ে শিক্ষার্থীর পরীক্ষা নিবেন। মনে রাখবেন আপনিই অভিভাবক ও শিক্ষক।

১০ম শ্রেণির শিক্ষার্থী ও অভিভাবকদের জানানো যাচ্ছে যে, অর্ধবার্ষিকী পরীক্ষা প্রাক-নির্বাচনী পরীক্ষা নয়। পরিস্থিতি স্বাভাবিক হলে পরীক্ষা বিষয়ক পরবর্তী নির্দেশনা দেওয়া হবে।

১১শ শ্রেণির অভিভাবকদের জানানো যাচ্ছে যে, অর্ধবার্ষিকী পরীক্ষা শুধুমাত্র প্রস্তুতিমূলক পরীক্ষা।

সকলের সুস্বাস্থ্য ও সার্বিক মঙ্গল কামনা করছি। সর্বশক্তিমান আমাদের সবাইকে আশীর্বাদ করণ।

আপনাদের সার্বিক সহযোগিতার জন্য আন্তরিক ধন্যবাদ।

অধ্যক্ষ